# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

**ইবিতে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত**

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ (০৩.০৮.২০২৬):




বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)-এর অর্থনীতি বিভাগের শিক্ষার্থীদের নিয়ে ‘ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট’ শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ০৩ আগস্ট ২০২৬ তারিখ বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন একাডেমিক ভবনের অর্থনীতি বিভাগের পরীক্ষার হলরুমে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বেগম রোকসানা মিলি। বিশেষ অতিথি ছিলেন অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ও ইকোনমিক্স ক্লাবের সভাপতি ড. আব্দুল জলিল পাঠান ও বিআইসিএম এর সহকারী অধ্যাপক জনাব মো. হাবিবুল্লাহ, এফসিসিএ।

অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মিথিলা তানজিল এর সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অর্থনীতি বিভাগের সভাপতি অধ্যাপক ড. পার্থ সারথি লস্কর।

এসময় অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মো: আবু রায়হান, অধ্যাপক ড.  দেবাশীষ শর্মা, অধ্যাপক ড.  কাজী মোস্তফা আরিফ, আল-ফিকহ এন্ড ল বিভাগের সভাপতি অধ্যাপক ড.  মো. আলতাফ হোসেন,  অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো: হুমায়ূন কবির, জনাব মোছা: শামীমা নাসরীন, ড. মো: আরিফুল ইসলাম ও বিআইসিএম এর প্রভাষক জনাব মো: আদনান আহমেদ উপস্থিত ছিলেন।

ইন্সটিটিউটের সহকারী অধ্যাপক জনাব মো. হাবিবুল্লাহ, এফসিসিএ ও জনাব মো: আদনান আহমেদ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের বিভিন্ন সেশন পরিচালনা করেন। বিআইসিএম ও ইকোনমিক্স ক্লাব, অর্থনীতি বিভাগ যৌথভাবে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করে।

বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ ইসলামী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষার্থীদের নিয়ে এ আয়োজন করা হয়।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২
ই-মেইলঃ oarish@bicm.ac.bd